

Prime Minister's meeting with President of the United States of America

September 24, 2021

আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতির সাথে প্রধানমন্ত্রীর বৈঠক

সেপ্টেম্বর 24, 2021

1. 24 শে সেপ্টেম্বর 2021 তারিখে আমেরিকা যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি জোশেফ আর বাইডেনের সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটি উষ্ণ এবং ফলপ্রসূ বৈঠক হয়েছে।
2. 2021 -এর জানুয়ারী মাসে রাষ্ট্রপতি বাইডেন রাষ্ট্রপতি হবার পরে এইটিই ছিল দুই নেতার মধ্যে সশরীরে উপস্থিত থেকে প্রথম বৈঠক। নেতৃত্ব, ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র ব্যাপক বৈশ্বিক কৌশলগত অংশীদারি এবং দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও শক্তিশালী করা সম্ভাবনা নিয়ে পর্যালোচনা করার সুবিধা গ্রহণ করেছেন। প্রধানমন্ত্রী বলেন যে, গণতান্ত্রিক মূল্যবোধ, প্রযুক্তি, বাণিজ্য, আমাদের জনগণের প্রতিভা, প্রকৃতির ন্যাস শক্তি এবং সর্বোপরি আস্থার পরম্পরার স্তম্ভের উপরে ভিত্তি করে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র রূপান্তরের একদশকে প্রবেশ করেছিল। বিদেশ এবং প্রতিরক্ষা মন্ত্রীদের বাৎসরিক 2+2 মন্ত্রিস্তরীয় আলোচনা সহ বিভিন্ন ক্ষেত্রে আসন্ন দ্বিপাক্ষিক আলোচনাকে নেতৃত্ব স্বাগত জানিয়েছেন , যেটি ভবিষ্যতের জন্য অগ্রাধিকারকে চিহ্নিত করবে।
3. দুই নেতা কোভিড -19 পরিস্থিতি এবং অতিমারিকে সীমাবদ্ধ রাখার ক্ষেত্রে জারি থাকা ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র সহযোগিতা নিয়ে আলোচনা করেন। এই প্রসঙ্গে, ভারতের জারি থাকা টিকাদানের প্রচেষ্টা এবং সারাবিশ্বে কোভিড সহযোগিতা পৌঁছে দেবার প্রচেষ্টাকে রাষ্ট্রপতি বাইডেন প্রশংসা করেন।
4. দ্বিপাক্ষিক বাণিজ্যকে আরও বৃদ্ধি করার প্রচুর সুযোগকে স্বীকৃতি দিয়ে উভয় নেতা সহমত হয়েছেন যে, বাণিজ্যিক সংযোগকে বাড়াবার উপায়গুলিকে চিহ্নিত করার জন্য এই বছরের শেষের দিকে পরবর্তী ট্রেড পলিসি ফোরামের আহ্বান করা হবে। ভারত-মার্কিন যুক্তরাষ্ট্র জলবায়ু এবং পরিশ্রুত শক্তি এজেন্ডা 2030 অংশীদারিত্বের অধীনে পরিশ্রুত শক্তির বিকাশ এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রযুক্তির নিয়োজনের গতিবৃদ্ধি করার জন্য তারা সহমত হয়েছেন। মার্কিন যুক্তরাষ্ট্রে বিশাল সংখ্যক প্রবাসী ভারতীয়দের স্বীকৃতি দিয়ে প্রধানমন্ত্রী দুই জাতির মধ্যে জনগণের সাথে জনগণের মৈত্রী এবং গতিশীলতা সহজতর ও উচ্চ শিক্ষার সংযোগ সম্প্রসারণের গুরুত্বের উপরে রেখাপাত করেছেন।
5. আফগানিস্তানের পরিস্থিতি সহ দক্ষিণ এশিয়ার আঞ্চলিক ঘটনাবলী নিয়ে নেতৃত্ব তাদের দৃষ্টিভঙ্গির বিনিময় করেছেন, এবং বিশ্বব্যাপী সন্ত্রাসবাদের বিরুদ্ধে একসাথে কাজ করার জন্য তাদের অঙ্গীকারের কথা

পুনরায় ব্যক্ত করেছেন; ও সীমান্ত অঞ্চলে সন্ত্রাসের নিন্দা করেছেন। তালিবানদের, তাদের অঙ্গীকারকে মেনে চলা, সমস্ত আফগানদের মানবাধিকারকে সম্মান করা, এবং আফগানিস্তানে নিরবিচ্ছিন্ন মানবিক সহায়তা প্রদানের অনুমতি দেবার জন্য তারা আহ্বান জানিয়েছেন। আফগান জনগণের প্রতি তাদের দীর্ঘমেয়াদী প্রতিশ্রুতির পরিপ্রেক্ষিতে, উভয় নেতা একমত হন যে ভারত এবং মার্কিন যুক্তরাষ্ট্র সব আফগানদের একটি অন্তর্ভুক্তিমূলক এবং শান্তিপূর্ণ ভবিষ্যতের জন্য একে অপরের এবং তাদের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে সমন্বয় অব্যাহত রাখবে।

6. নেতৃত্ব ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল সম্পর্কে তাদের দৃষ্টিভঙ্গিরও বিনিময় করেছেন এবং একটি উন্মুক্ত, উদার এবং একত্রিত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল নিয়ে তাদের ভাগ করে নেওয়া দৃষ্টিভঙ্গিকে পুনরায় নিশ্চিত করেছেন।

7. জলবায়ু পরিবর্তন এবং সন্ত্রাসবাদের মতো বৈশ্বিক বিষয়ে কৌশলগত দৃষ্টিভঙ্গি এবং ভাগাভাগি স্বার্থের কারণে ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্র আন্তর্জাতিক সংস্থায় একসঙ্গে কাজ চালিয়ে যেতে সম্মত হয়েছে।

8. প্রধানমন্ত্রী মোদী রাষ্ট্রপতি বাইডেন এবং ফার্স্ট লেডি ডঃ জিল বাইডেনকে ভারতে আসার জন্য আমন্ত্রণ জানিয়েছেন। দুই নেতা তাদের উচ্চপর্যায়ের আলোচনাকে চালিয়ে নিয়ে যেতে, বলিষ্ঠ দ্বিপাক্ষিক মৈত্রী সম্পর্ককে এগিয়ে নিয়ে যাবার জন্য, তাদের বৈশ্বিক অংশীদারিত্বকে সমৃদ্ধ করার জন্য সম্মত হয়েছেন।

ওয়াশিংটন ডি সি

সেপ্টেম্বর 24, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.